গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৯১২৩৮৩৮, ৯১৩৫৭৪২
ফ্যাক্স : ৮১১৮২৩০, ৫৮১৫২০১৯
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd

নথি নংঃ ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ১ ৯ ৬৮ তারিখঃ ৪ .০৯.২০১৮ খ্রিঃ

বিষয়: সেপ্টেম্বর - নভেম্বর ২০১৮ খ্রিঃ এর আবহাওয়ার পূর্বাভাস

General Condition (সাধারণ অবস্থা):

১। গত জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই ও আগস্ট ২০১৮ খ্রিঃ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে ৮.৯, -৬.০, ১০.৫, ৪.৫, ২.১, -৫.৫, ১.৬ ও -৬.৯ (Bureau of Meteorology, Australia)।

২। আগস্ট ২০১৮ খ্রিঃ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা (৩৬.৩%) কম বৃষ্টিপাত হয়েছে, তবে ময়মনসিংহ ও সিলেট বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। ০৬ আগষ্ট ২০১৮ তারিখে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়। পরদিন এটি মৌসুমী নিম্নচাপে পরিণত হয়ে ভারতের উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করে। পরবর্তীতে এটি পশ্চিম দিকে সরে গিয়ে দুর্বল হয়ে মৌসুমী অক্ষের সাথে মিলিত হয়। ১৩ আগষ্ট ২০১৮ তারিখে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়। ১৫ আগষ্ট তারিখে এটি উড়িষ্যা উপকূল এবং তৎসংলগ্ন এলাকায় মৌসুমী স্থল নিম্নচাপে পরিণত হয়। পরবর্তীতে এটি পশ্চিম দিকে সরে গিয়ে দুর্বল হয়ে মৌসুমী অক্ষের সাথে মিলিত হয়। ১৯ আগষ্ট ও ২৫ আগস্ট ২০১৮ তারিখে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় পরপর দুটি লঘুচাপ সৃষ্টি হয়। পরবর্তীতে লঘুচাপগুলো পশ্চিম দিকে সরে গিয়ে মৌসুমী অক্ষের সাথে মিলিত হয়। ০৬, ১৩ ও ১৯ আগস্ট ২০১৮ তারিখে উত্তরপশ্চিম বঙ্গোপসাগরে পরপর তিনটি লঘুচাপ সৃষ্টি হওয়ায় বাংলাদেশের উপর মৌসুমী বায়ু খুবই দুর্বল হয়ে পড়ে। এ সময় সারাদেশে বৃষ্টিপাত কমে যায় এবং ১৮-১৯ আগস্ট তারিখে সিলেট, রাজশাহী ও রংপুর বিভাগে তাপ প্রবাহ পরিস্থিতির সৃষ্টি হয়। এসময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮.৬° সেঃ দিনাজপুরে (১৯ আগস্ট) রেকর্ড করা হয়। নিম্নচাপ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা আগস্ট ২০১৮ খ্রিঃ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩। বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC) প্রাপ্ত মডেল পূর্বাভাস, প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল নিনো/লা নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক সেপ্টেম্বর - নভেম্বর ২০১৮ খ্রিঃ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলোঃ

বিভাগ	সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ		অক্টোবর ২০১৮ খ্রিঃ		নভেম্বর ২০১৮ খ্রিঃ		সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সেঃমিঃ পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	
ঢাকা	২৭৮	২৫০-৩০৫	১৫৯	১৪০-১৭৫	৩২	২৮-৩৫	৫০-৬০
ময়মনসিংহ	৩৫২	৩১৫-৩৮৫	১৯১	১৭০-২১০	১৯	১৭-২১	৪৫-৫০
চট্টগ্রাম	৩১৭	২৮৫-৩৫০	১৮৬	১৬৫-২০৫	৬৩	৫৫-৭০	৫৫-৬৫
সিলেট	৪০৭	৩৬৫-৪৫০	১৮৭	১৬৫-২০৫	৩৫	৩০-৪০	৫৫-৬৫
রাজশাহী	৩১৫	২৮৫-৩৪৫	১১৩	১০০-১২৫	১৫	১৩-১৭	৪৫-৫০
রংপুর	৪১৭	৩৭৫-৪৬০	১৩৪	১২০-১৪৫	১০	০৮-১২	৪৫-৫০
খুলনা	২৭৬	২৫০-৩০৫	১২০	১০৫-১৩০	৩১	২৮-৩৫	৫০-৬০
বরিশাল	৩১৬	৩৮৫-৩৫০	১৭৬	১৫৫-১৯৫	৫৯	৫২-৬৫	৫০-৬০

(ক) সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

১. সেপ্টেম্বর মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
২. এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।
৩. **নদ-নদীর অবস্থাঃ** সেপ্টেম্বর মাসের দ্বিতীয়ার্ধ থেকে শেষ অবধি দেশের উত্তরপূর্বাঞ্চল ও দক্ষিণপূর্বাঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা হতে পারে।
৪. **কৃষি আবহাওয়াঃ** এ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০-৪.৫ মিঃ মিঃ এবং গড় সূর্য কিরণকাল ৫.০-৬.৫ ঘন্টা থাকতে পারে।

(খ) অক্টোবর ২০১৮ খ্রিঃ

১. অক্টোবর মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
২. এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে অন্ততঃ একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
৩. এ মাসের প্রথমার্ধের মধ্যে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুপ্রবাহ (বর্ষা) বাংলাদেশ থেকে বিদায় নিতে পারে।

(গ) নভেম্বর ২০১৮ খ্রিঃ

১. নভেম্বর মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে অন্ততঃ একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
৩. এ মাসে দিন ও রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে হ্রাস পাবে।

সামছুদ্দিন আহমেদ
পরিচালক
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
৯১২৩৮৩৮ (অফিস)

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯১২৩৬১৬।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ৯৫৬৬৫৫৯।
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৯১৪৩৩৭৭।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭০১০০।
৫. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯১৪৪৮১৯।
৬. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ফ্যাক্সঃ ৯৫৪০৪০০, ৯৫৭৩৮০৫।
৯. সচিব, খাদ্য মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।
১০. সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪০২১৩।